# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 24.05.2026** **Desk in Charge: S.D.G.**

**Time: 7-35 AM** **Edit. &Compile: Sudip B.**

**DEO: KB** **NRT: Sudip B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ–

১/ দক্ষিণ ২৪ পরগণার ফলতা বিধানসভা কেন্দ্রের পুনর্নির্বাচনে, ভোট গণনা আজ ।

২/ চলতি বছরের জুলাই মাস থেকেই রাজ্যের মানুষ, আয়ুষ্মান ভারতে প্রকল্পের সুবিধা পাবেন বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আশ্বাস দিয়েছেন।

# জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে রাজ্যে টিকাকরণ কর্মসূচি শুরু হচ্ছে, আগামী ৩০শে মে।

৩/ প্রশাসনিক কাজের সুবিধার্থে বিভিন্ন দপ্তরে বর্তমানে কত শূণ্য পদ রয়েছে, তার তালিকা তৈরীর নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

৪/ রাজ্যের জমি জটের কারণে আটকে থাকা রেলের সমস্ত প্রকল্প চালু করতে রাজ্য সরকার উদ্যোগী হয়েছে বলে জানিয়েছেন, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

৫/ রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা, আজ নেওয়া হবে।

৬/ IPL ক্রিকেটে আজ ইডেনে, কলকাতা নাইট রাইডার্স, দিল্লি ক্যাপিটাল্সের মুখোমুখি হবে।

***************************************************************

দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভার পুনর্নির্বাচনের ভোটগণনা আজ। ডায়মন্ডহারবার মহিলা বিশ্ববিদ্যালয়ে কড়া নিরাপত্তার মধ্যে ভোটগণনার প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন। প্রশাসন সূত্রে খবর, গণনার জন্য মোট ১৯টি টেবিল রাখা হয়েছে এবং ২১ রাউন্ডে ভোটগণনা সম্পন্ন হবে।

উল্লেখ্য, গত ২১ মে ফলতা বিধানসভা কেন্দ্রে পুনর্নির্বাচনে ভোটগ্রহণ করা হয়। সকাল থেকেই বিভিন্ন বুথে ভোটারদের দীর্ঘ লাইন দেখা যায়। কমিশনের তথ্য অনুযায়ী, প্রায় ৮৮ শতাংশ ভোট পড়ে এই নির্বাচনে।

প্রসঙ্গত, এর আগে গত ২৯ এপ্রিল রাজ্যের ১৪২টি আসনের সঙ্গে ফলতা কেন্দ্রেও ভোটগ্রহণ হয়েছিল। তবে সেই ভোটে একাধিক বেনিয়মের অভিযোগ সামনে আসে। বিজেপির অভিযোগ খতিয়ে দেখে কমিশন ফলতা কেন্দ্রে পুনর্নির্বাচনের সিদ্ধান্ত ঘোষণা করে।

পুনর্নির্বাচনের দুদিন আগে ওই আসনে ঋণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গীর খান, নির্বাচন থেকে সরে দাঁড়ানোর কথা ঘোষণা করেন। এমনকি, বুথে দেখা যায়নি তৃণমূল কংগ্রেসের কোন এজেন্টকেও।

******************************

চলতি বছরের জুলাই মাস থেকেই রাজ্যের মানুষ, **'আয়ুষ্মান ভারত'** প্রকল্পের সুবিধা পাবেন বলে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার সঙ্গে ভার্চুয়াল বৈঠকের পর গতকাল নবান্নে মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল ও প্রধান উপদেষ্টা সুব্রত গুপ্তর সঙ্গে এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, পূর্বতন সরকারের 'স্বাস্থ্য সাথী' প্রকল্পের সঙ্গে যুক্ত ৬ কোটির বেশি মানুষ সরাসরি আয়ুষ্মান ভারত প্রকল্পের আওতায় আসবেন।

( বাইট- শুভেন্দু / আয়ুষ্মান )

মুখ্যমন্ত্রী জানান, আয়ুষ্মান ভারতের জন্য ৯৭৬ কোটি টাকা, কেন্দ্র বরাদ্দ করেছে। চলতি অর্থবর্ষে **'ন্যাশনাল হেলথ মিশনে'**র আওতায় এরাজ্যের জন্য বরাদ্দ হয়েছে

২'হাজার ১০৩ কোটি টাকা, ইতোমধ্যেই ৫০০ কোটি টাকার বেশী রাজ্যের অ্যাকাউন্টে ঢুকেছে। কেন্দ্র ও রাজ্যের মধ্যে সমন্বয়ের অভাবে, স্বাস্থ্য ক্ষেত্রে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের সুবিধা থেকে পশ্চিমবঙ্গের মানুষ বঞ্চিত থেকেছেন বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। জুনের প্রথম সপ্তাহে দিল্লিতে মন্ত্রী, আধিকারিকদের উপস্থিতিতে 'আয়ুষ্মান আরোগ্য মন্দির' সংক্রান্ত চুক্তি স্বাক্ষর হবে বলেও জানা গেছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ /আয়ুষ্মান )

*******************************

জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে এরাজ্যে আগামী ৩০শে মে টিকাকরণ কর্মসূচি শুরু হবে। নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল জানান, বিধাননগর মহকুমা হাসপাতালে ওই কর্মসূচির সূচনা করা হবে। রাজ্যের জন্য এই টিকার ৭ লক্ষেরও বেশি ডোজ বরাদ্দ করেছে কেন্দ্রীয় সরকার। তিনি অভিযোগ করেন, অন্যান্য রাজ্যে এই টীকাকরণ কর্মসূচি প্রায় সম্পূর্ণ হয়ে গেলেও পশ্চিমবঙ্গে তা এখনো শুরু হয়নি। HPV ভ্যাকসিন আগেই রাজ্যে পাঠানো হলেও, তৃণমূল কংগ্রেস সরকারের গাফিলতির কারণেই টিকাকরণ শুরু করা যায়নি বলে অভিযোগ করেন শুভেন্দু অধিকারী।

( বাইট- মুখ্যমন্ত্রী/ HPV )

তিনি বলেন, ৩০শে মে থেকেই এরাজ্যে যক্ষ্মা মুক্ত ভারতের কর্মশিবির শুরু হবে। জাতীয় কুষ্ঠ নির্মূলকরণ কর্মসূচিতে গোটা দেশের তুলনায় এরাজ্য পিছিয়ে থাকায়, এক্ষেত্রে বিশেষ নজর দেওয়া হচ্ছে।

*******************************

রাজ্যে, জমি জটের কারণে রেলের আটকে থাকা সমস্ত প্রকল্প পুনরায় চালু করতে রাজ্যের মুখ্যমন্ত্রী উদ্যোগী হয়েছেন বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন। কলকাতায় গতকাল ১৯-তম রোজগার মেলা উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দেওয়ার পর সাংবাদিকদের তিনি বলেন, এরাজ্যে প্রায় ৬১'টি রেল প্রকল্প জমি জটের কারণে আটকে আছে। এব্যাপারে মুখ্যমন্ত্রী রেলের সংশ্লিষ্ট জোনের জেনারেল ম্যানেজারের সঙ্গে আলোচনা শুরু করেছেন।

উল্লেখ্য, বিগত তৃণমূল কংগ্রেস সরকারের জমি নীতির জন্য রেলের বেশ কিছু প্রকল্প আটকে ছিল বলে অভিযোগ।

*****************************

প্রশাসনিক কাজের সুবিধার্থে এবং স্বচ্ছ পরিষেবা প্রদান সুনিশ্চিত করার লক্ষ্যে রাজ্য সরকার বিভিন্ন দপ্তরে বর্তমানে কত শূন্য পদ রয়েছে তার তালিকা তৈরীর নির্দেশ দিয়েছে। বিভিন্ন দপ্তরের অধীনে থাকা ডাইরেক্টরেট এবং আঞ্চলিক অফিসগুলিতে শূন্যপদের তালিকা তৈরি করে আগামী তেসরা জুনের মধ্যে সংশ্লিষ্ট 'নোডাল অফিসার' এর কাছে ই-মেইল মারফত তা' পাঠাতে হবে বলে অর্থ দপ্তর থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

*****************************

রাস্তা বা ফুটপাত জবরদখল-মুক্ত করতে গিয়ে সাধারণ মানুষের জীবিকায় যাতে টান না পড়ে সেদিকে রাজ্য সরকার সতর্ক দৃষ্টি রাখছে বলে পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন। দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠকের পর গতকাল সাংবাদিকদের তিনি বলেন, ১০-১৫ বছর বা তার বেশি সময় ধরে যাঁরা, ফুটপাথে ব্যবসা করছেন তাঁদের বিকল্প কোনো জায়গায় যাতে পুনর্বাসন দেওয়া যায়, সে ব্যাপারে সরকার ভাবনা চিন্তা করছে।

*****************************

কংগ্রেস এবছর শহীদ মিনারে একুশে জুলাই শহীদ দিবস পালন করবে। কলকাতায় গতকাল এক অনুষ্ঠানে একথা ঘোষণা করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। শুভঙ্কর বাবু বলেন, এতদিন কংগ্রেসের তরফ থেকে সম্মানের সঙ্গে প্রতিকী শহীদ দিবস পালন করা হতো।

উল্লেখ্য, ১৯৯৩ সালের ২১শে জুলাই তৎকালীন বাম সরকারের আমলে পুলিশের গুলিতে ১৩ জন যুব কংগ্রেস কর্মীর মৃত্যু হয়। তাঁরই স্মরণে শহীদ দিবস পালন করে কংগ্রেস।

রাজ্যের নতুন সরকার উন্নয়নের স্বার্থে কাজ করলে কংগ্রেস সমর্থন দেবে বলে শুভঙ্কর বাবু উল্লেখ করেন। উপযুক্ত পুনর্বাসন দিয়ে হকার উচ্ছেদ করার পক্ষেও জোরালো সওয়াল করেন তিনি।

*******************************

রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা আজ নেওয়া হবে। প্রথম পত্রে অংকের পরীক্ষা হবে সকাল ১১ টা থেকে দুপুর ১'টা পর্যন্ত। দ্বিতীয় পত্রে পদার্থবিদ্যা ও রসায়নের পরীক্ষা হবে দুপুর ২ টো থেকে বিকেল ৪ টে পর্যন্ত। OMR শীটে নেওয়া হবে পরীক্ষা। রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মেসি এবং আর্কিটেকচার পাঠ্যক্রমে ভর্তির জন্য এই পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। পরীক্ষা কেন্দ্রে মোবাইল, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ সহ যে কোনো ইলেকট্রনিক্স সামগ্রী নিয়ে ঢোকা নিষিদ্ধ। পরীক্ষার্থীদের অ্যাডমিট কার্ড, আবেদনের সময় দেওয়া এক কপি ছবি, সরকারি পরিচয় পত্র নিয়ে যেতে হবে। পরীক্ষা শেষ হওয়ার আগে পরীক্ষা কেন্দ্র থেকে বেরোতে পারবেন না ছাত্রছাত্রীরা।

*******************************

স্কুলের পঠন-পাঠন সংক্রান্ত সার্বিক বিষয় খতিয়ে দেখতে স্কুল পরিদর্শকদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে বসতে চলেছে শিক্ষা দফতর। ২৮ ও ২৯ তারিখ জেলা ভাগ করে এই বৈঠক ডাকা হয়েছে। গরমের ছুটির পর স্কুল খোলার সিদ্ধান্ত, প্রার্থনা সঙ্গীতে বন্দেমাতরম বাধ্যতামূলক করা, পাঠ্যপুস্তক বিতরণ, বিভিন্ন স্কুলের শিক্ষকদের সংখ্যা সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হবে বলে জানানো হয়েছে।

*******************************

জমি দখল ও প্রতারণা মামলায় কলকাতা পুলিশের প্রাক্তন ডেপুটি কমিশনার শান্তনু সিনহা বিশ্বাসের মুর্শিদাবাদের কান্দির পৈতৃক বাড়ি সিল করে দিয়েছে ইডি। সোনা পাপ্পু মামলায় আগেই তাকে গ্রেফতার করা হয়েছিল।

ইডির তদন্তকারী আধিকারিকেরা, কলকাতার বেশ কিছু জায়গায় চালিয়ে বালিগঞ্জে, শান্তনু ঘনিষ্ঠ ফল ব্যবসায়ী মহম্মদ আলির বাড়ি থেকে প্রায় আড়াই কেজি সোনা, ১৫

লক্ষ টাকা নগদ উদ্ধার করে। তার সাহায্যেই কালো টাকা সাদা করা হত বলে প্রাথমিক তদন্তে মনে করা হচ্ছে। এছাড়াও, কসবায় কলকাতা পুলিশের সাব ইন্সপেক্টর রুহুল আমিন আলি শাহর বাড়ি থেকে তল্লাশী চালিয়ে উদ্ধার হয়েছে একাধিক কাগজপত্র ও নথি।

*****************************

তোলাবাজি ও হুমকির অভিযোগে কলকাতা পুরসভার ১২৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তথা ১৬ নম্বর বোরো চেয়ারম্যান সুদীপ পোল্লেকে গ্রেফতার করেছে পুলিশ। এক ব্যবসায়ীর অভিযোগের ভিত্তিতে তৃণমূল কাউন্সিলরকে গ্রেফতার করেছে পুলিশ।

অভিযোগ, ওই ব্যবসায়ীর কাছ থেকে পাঁচ লক্ষ টাকা চাওয়া হয়। গতকাল ঠাকুরপুকুর থানায় অভিযোগ দায়ের করেন তিনি। অভিযোগ খতিয়ে দেখে সুদীপ পোল্লেকে গ্রেফতার করে পুলিশ। আজ তাঁকে আদালতে তোলা হবে। তোলাবাজির অভিযোগে এই প্রথম, কলকাতা পুরসভার কোন কাউলন্সিলরকে গ্রেফতার করলো পুলিশ।

*****************************

ইডেনে এবারের IPL-এ লিগ পর্যায়ে তাদের শেষ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, দিল্লি ক্যাপিটালস-এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ১৩ ম্যাচে ১৩ পয়েন্ট সংগ্রহ করে KKR পয়েন্ট তালিকায় ষষ্ঠ স্থানে আছে।

*****************************************************************